

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-১ অধিশাখা
আদেশ

তারিখ, ০১ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-১৪৯-আইন/২০১৪ —Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এ মন্ত্রণালয়ের ১২ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত এস,আর,ও নং ১৯৬-আইন/২০১৩ বাতিলক্রমে, অভ্যন্তরীণ বাজারে চাউলের সরবরাহ বৃদ্ধি, বাজার মূল্য নিয়ন্ত্রণ এবং মূল্যের উর্ধ্বগতি ও দুষ্প্রাপ্যতা রোধ করার লক্ষ্যে, সুগন্ধি চাউল ব্যতীত অন্যান্য সকল প্রকার চাউল (এইচ এস কোড ১০.০৬) এর রপ্তানি আগামী ৩০ জুন, ২০১৫ পর্যন্ত এতদ্বারা নিষিদ্ধ (Prohibit) করিল :

তবে শর্ত থাকে যে, এই আদেশের অধীন সুগন্ধি চাউল রপ্তানির পূর্বে ইতিপূর্বে সুগন্ধি চাউল রপ্তানি সংক্রান্ত তথ্যাদি অবহিতক্রমে বাণিজ্য মন্ত্রণালয় হইতে অনুমতি গ্রহণ করিতে হইবে।

ব্যাখ্যা : এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে, “সুগন্ধি চাউল” অর্থে কালজিরা, কালজিরা টিপিএল-৬২, চিনিগুড়া, চিনিআতপ, চিনিকানাই, বাদশাভোগ, কাটারীভোগ, মদনভোগ, রাধুনীপাগল, বাঁশফুল, জটাবাঁশফুল, বিনাফুল, তুলশীমালা, তুলশীআতপ, তুলশীমনি, মধুমালা, খোরমা, সাককুর খোরমা, নুনিয়া, পশুশাইল, বিআর-৫(দুলাভোগ), ব্রি ধান-৩৪, ব্রি ধান-৩৭, ব্রি ধান-৩৮ ও ব্রি ধান-৫০ অন্তর্ভুক্ত হইবে।

২। এই আদেশ ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ সাইদুর রহমান সেলিম
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ শাহ-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৫০৫৫)

মূল্য : টাকা ৪.০০